# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

**==========================================================**

(১) দক্ষিণ কোরিয়ার রাজধানী সিওলে ইন্ডিয়ান চেম্বার অব কমার্স আয়োজিত এডভান্টেজ আসামের রোড শো'তে অংশগ্রহণ করে ১৪০ জন শিল্পপতির সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মত বিনিময়/

(২) লোকনির্মাণ অর্থাৎ পূর্ত বিভাগে নতুন করে নিযুক্তি লাভ করা ইঞ্জিনিয়ারিং শাখার ১৮জন সহকারী বাস্তুকারকে আজ নিযুক্তি পত্র প্রদান/

(৩) উদালগুড়ি জেলার নাবালিকা ধর্ষণের ঘটনায় পাঁচজন অভিযুক্তকে এবং কোলকাতার আর জি কর মেডিকেল কলেজের চিকিৎসক ধর্ষণের ঘটনায় একজনকে আজ যাবজ্জীবন কারাদন্ডের আদেশ/

এবং

(৪) শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের ৩২ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আগামীকাল বিভিন্ন কার্যসূচীর আয়োজন /

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ দক্ষিণ কোরিয়ার রাজধানী সিওলে ইন্ডিয়ান চেম্বার অব কমার্স আয়োজিত 'এডভান্টেজ আসাম'এর রোড শো'তে অংশগ্রহণ করে ১৪০ জনেরও বেশি শিল্পপতির সঙ্গে মত বিনিময় করেন । আগামী ২৫ এবং ২৬শে

ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠেয় 'এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণে বিদেশী বিনিয়োগকারীদের আকর্ষণ করার উদ্দেশ্যে দক্ষিণ কোরিয়া এবং জাপান ভ্রমণে যাওয়া মুখ্যমন্ত্রী, কোরিয়ার কোম্পানিগুলিকে আসামে বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন । প্রকৃতির অনবদ্য অবদানে ভরপুর আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে পর্যটন সহ বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের ব্যাপক সম্ভাবনার কথা মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডঃ শর্মা একইসঙ্গে কোরিয়া বাণিজ্য-বিনিয়োগ প্রসার সংস্থার অধ্যক্ষ কিয়ুং চুং কা এবং সংস্থাটির অন্যান প্রতিনিধিরদের সঙ্গেও আলোচনায় মিলিত হয়েছেন । বৈঠকে আসাম এবং কোরিয়ার ব্যবসা কেন্দ্রীক পারস্পরিক লাভালাভকে প্রাধান্য দিয়ে ব্যবসা বাণিজ্য, শিল্প, এবং দক্ষতা বিকাশ ও উন্নয়নের জন্যে অংশীদারীত্ব সম্পর্কে আলোচনা করা হয় । মুখ্যমন্ত্রী প্রতিনিধিদেরকে আসামের সম্বৃদ্ধ পর্যটন সম্ভাবনার কথা অবগত করানোর পাশাপাশি রাজ্যে সেমি কন্ডাক্টর পরিবেশতন্ত্র গড়ে তোলার পরিকল্পনার কথাও উল্লেখ করেন । দক্ষিণ কোরিয়া সফর শেষ করে মুখ্যমন্ত্রী টোকিও'তে শিল্পপতি তথা ব্যবসায়িক নেতৃবর্গের সঙ্গেও আলোচনায় মিলিত হবেন । জাপান এবং দক্ষিণ কোরিয়া সফর শেষ করে আগামী ১০ই ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রী সিঙ্গাপুরের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।

---

আসামে চলতি শিক্ষাবর্ষের দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবের বর্হিমূল্যায়ন আজ রাজ্যের ১৪টি জেলায় আরম্ভ হয়েছে । দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবে হাইলাকান্দি সহ অন্য যেসব জেলা রয়েছে, সেগুলি হচ্ছে- কামরূপ মহানগর, পশ্চিম কার্বি-আং-লং, হোজাই, বাক্সা, ধেমাজি, ধুবড়ি, গোলাঘাট, যোরহাট, শোণিতপুর, তামুলপুর, তিনসুকিয়া, চরাইদেউ এবং চিরাং । শিক্ষা বিভাগের তথ্য অনুসারে আজ থেকে আগামী ২২শে জানুয়ারি পর্যন্ত ১৪টি জেলার ১৫ হাজার ৬৬৩টি বিদ্যালয়ের ১৪ লক্ষ ১৪ হাজার ৯৩২জন ছাত্রছাত্রীকে নিয়ে এই বর্হিমূল্যায়ন অনুষ্ঠিত হচ্ছে । এরজন্য ইতিমধ্যে ছ'হাজার ৫৩ জন বর্হিপরীক্ষককে দায়িত্ব প্রদান করা হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলার এক হাজার ২৪৩টি বিদ্যালয়ের এক লক্ষ ৭০ জন ছাত্রছাত্রী বর্হিমূল্যায়নে অংশগ্রহণ করছে । এই পর্বে জেলায় ১৩১ জন লিয়াসোঁ অফিসার, এক হাজার ৩১২জন বর্হিমূল্যায়ক নিযুক্ত করা হয়েছে ।

---

দেশের সংবিধান গৃহীত হওয়ার ৭৫ বছর পূর্তী উপলক্ষে ভারতীয় ডাক বিভাগ নতুন দিল্লীতে তিনদিন ব্যাপী বিশেষ কার্যসূচীর আয়োজন করেছে ।জাতীয় ডাকটিকিট সংগ্রহালয়ে আয়োজিত এই কার্যসূচীতে জনসাধারণের মনে জাতীয় গৌরব তথা একতার মনোভাব জাগিয়ে তোলার উদ্দেশ্যে প্রদর্শনী , ক্যুইজ , চিঠি লেখা প্রতিযোগিতা

ইত্যাদিরও আয়োজন করা হয়েছে ।কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ সংগ্রহালয়টি পরিদর্শন করেন ।এর পর তিনি সাংবাদিকদের বলেন যে দেশকে উন্নতি এবং সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে ভারতীয় সংবিধান প্রকৃত পথপ্রদর্শকের ভূমিকা পালন করে ।

---------------------------------------------------------------------------------------------------

আসাম সরকারের লোকনির্মাণ অর্থাৎ পূর্ত বিভাগে নতুন নিযুক্তি লাভ করা ইঞ্জিনিয়ারিং শাখার ১৮জন সহকারী বাস্তুকারকে আজ নিযুক্তি পত্র প্রদান করা হয়েছে । এই উপলক্ষে দিসপুরে অবস্থিত লোকনির্মাণ বিভাগের সম্মেলন তথা প্রশিক্ষণ কেন্দ্রে আজ সকালে আয়োজিত এক অনুষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । রাজ্যসরকারের রূপায়ণ করা স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে বিগত বছরের সাত অক্টোবর পর্যন্ত এক লক্ষ ২৫ হাজার ৩০জন শিক্ষিত বেকারকে নিযুক্তি দেওয়া হয়েছে বলে সরকারী সূত্রে প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

বিচারপতি কার্ডাক ইতে এবং বিচারপতি মৃদুল কুমার কলিতা আগামীকাল গুয়াহাটী হাইকোর্টের বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করবেন । আগামীকাল সকাল ১০ টায় গুয়াহাটী হাইকোর্টের নতুন ভবনে মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণয় বিচারপতি শ্রী ইতে ও শ্রী কলিতাকে শপথবাক্য পাঠ করাবেন ।

---------------------------------------------------------------------------------------------------

২০২৪ সালের ২২ শে জুন ওদালগুরি জেলার মাজবাটে এক নাবালিকাকে দলবদ্ধ ধর্ষনের ঘটনায় অভিযুক্ত ৫ জনকে আজ ওদালগুরির বিশেষ জেলা এবং সেশন আদালত যাবজ্জীবন কারাদন্ড সহ ২০ হাজার টাকা করে জরিমানার আদায়ের রায় ঘোষণা করেছে ।উল্লেখ্য প্রাইভেট টিউশন থেকে বাড়ি ফেরার পথে এক কিশোরীকে ৫ জন অভিযুক্ত মাজবাট চাবাগানের নির্জন স্থানে ধর্ষণ করেছিল ।আকাশবাণীর ওদালগুরির সংবাদদাতা জানিয়েছেন যে এই ঘটনার পর সমগ্র রাজ্যে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয় এবং প্রতিবাদকারীরা একজন অভিযুক্তের বাসগৃহ জ্বালিয়ে দিয়েছিল ।

---------------------------------------------------------------------------------------------------

গত বছর ৯ আগষ্ট কোলকাতার আর জি কর মেডিক্যাল কলেজের একজন জুনিয়র চিকিৎসককে ধর্ষণ এবং হত্যা করার অপরাধে আজ শেয়ালদার এক আদালত অভিযুক্ত সঞ্জয় রায়কে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করেছে ।ভারতীয় ন্যায় সংহিতার

৬৪ , ৬৬ এবং ১০৩ -এক্ট ধারার অধীনে গত শনিবার সঞ্জয় রায়কে আদালত দোষী সাব্যস্ত করেছিল এবং আজ এই মামলার রায়দান করা হয় ।উল্লেখ্য আর জি করের জুনিয়র চিকিৎসককে গত বছর ৯ আগষ্ট কর্তব্যরত অবস্থায় ধর্ষণ করা হয়েছিল এবং তাঁর মৃতদেহ হাসপাতালের সেমিনার কক্ষে উদ্ধার করা হয়েছিল ।এই ঘটনার পর সিবিআই গত ৯ নভেম্বর অভিযুক্ত সঞ্জয় রায়ের বিরুদ্ধে শেয়ালদা আদালতে অভিযোগনামা দাখিল করে । ১১ নভেম্বর থেকে মামলার বিচার প্রক্রিয়া শুরু হয় এবং ১৮ জানুয়ারী আদালত অভিযুক্ত সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে ।

---------------------------------------------------------------------------------------

গুয়াহাটির ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান, আই আই টি-গুয়াহাটিতে আগামীকাল প্যান আই আই টি ওয়ার্লড অব টেকনলোজি মিট-২০২৫ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রতিষ্ঠানটির প্রাক্তন শিক্ষার্থীদের প্রচেষ্টায় অনুষ্ঠেয় প্রযুক্তি বিদ্যা সংক্রান্ত এই সম্মেলনের আগামীকাল সকালে আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যসচিব ডঃ রবি এস. কোটা । গুয়াহাটি প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আই আই টি-গুয়াহাটির একাংশ আধিকারিক একথা জানিয়ে আরো বলেন যে- আগামীকালের অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা সঞ্চালক অধ্যাপক ডি এন বুঢ়াগোঁহাই এবং প্রাক্তন সঞ্চালক গৌতম বড়ুয়া সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------

আগামীকাল অর্থাৎ ২১ শে জানুয়ারী আসাম বিশ্ববিদ্যালয়ের ৩২ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে  সকাল সাড়ে নটা থেকে বিকেল সাড়ে তিনটে পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।এই দিবস উপলক্ষে আয়োজিত মূল অনুষ্ঠানে পৌরহিত্য করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত এয়ার চিফ মার্শাল অরূপ রাহা , প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পদ্মশ্রী ডক্টর রবি কান্নান , বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এবং হোজাই রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মানবেন্দ্র দত্ত চৌধুরী প্রমুখ ।

---------------------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের প্রাক্তন অবসরপ্রাপ্ত সহকারী অনুষ্ঠান অধিকর্তা সৌম্যকান্তি আচার্য গতকাল কোলকাতায় শেষ-নিঃশ্বাস ত্যাগ করেছেন । সৌম্যকান্তি আচার্য ১৯৯৩ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত আকাশবাণী শিলচর কেন্দ্রে অনুষ্ঠান সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেছেন । প্রয়াত আচার্যের মৃত্যুতে আজ আকাশবাণী শিলচর কেন্দ্রের কর্মী ও আধিকারীকদের পক্ষ থেকে শোকসভা করে বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের অবসরপ্রাপ্ত উপাধ্যক্ষ ডঃ ননীগোপাল দেবনাথ গতরাত্রে হায়দ্রাবাদের একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৬৬ । রেখে গেছেন স্ত্রী, পুত্র সহ অসংখ্য গুণমুগ্ধকে । তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন । তাঁর মৃত্যুতে শিলচর সহ বরাক উপত্যকার শিক্ষাজগতে শোকের ছায়া নেমে এসেছে । রাধামাধব কলেজের বর্তমান অধ্যক্ষ ডঃ দেবাশিত রায়, উপাধ্যক্ষ ডঃ রাহুল চক্রবর্তী সহ কলেজের শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

শিক্ষা ও সাহিত্য জগতের উজ্জ্বল ব্যক্তিত্ব, করিমগঞ্জ কলেজের বাংলা বিভাগের প্রাক্তন প্রধান বিশিষ্ট শিক্ষাবিদ জন্মজিৎ রায় গতরাত্রে করিমগঞ্জে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল- ৭৮ । রেখে গেছেন স্ত্রী, দুই পুত্র সহ অসংখ্য গুণমুগ্ধকে । বরাক উপত্যকার বিভিন্ন মহল থেকে এই প্রবীণ চিন্তাবিদ, সমাজসেবী ও সৃজনশীল ব্যক্তিত্বের অধিকারী এই শিক্ষাবিদের মৃত্যুতে বরাক উপত্যকার শিক্ষা সাহিত্যের অঙ্গনে অপূরণীয় ক্ষতি হল বলে মনে করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরে আজ ভয়ংকর অগ্নিকান্ড সংগঠিত হয়েছে । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে শহরের এক ব্যক্তির বাসগৃহের রান্নাঘর থেকে এই অগ্নিকান্ডের সূত্রপাত হয়েছে বলে জানা গেছে । অগ্নি নির্বাপক বাহিনীর তিনটি গাড়ি ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রনে আনে । অগ্নিকান্ডের ফলে কয়েক লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে জানা গেছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের পক্ষ থেকে আজ বরাক উপত্যকার ২০ জন বেকার যুবকের মধ্যে বিনামূল্যে ই-রিক্সা বিতরন করা হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্য্যলয়ে আয়োজিত এক সভায় হিতাধিকারীদের মধ্যে ই-রিক্সা তুলে দেওয়া হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের সভাপতি শিলাদিত্য দেব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে হাইলাকান্দি জেলার ১৬ জন , কাছাড় জেলার তিন জন এবং শ্রীভূমি জেলার একজন যুবকের হাতে ই-রিক্সা তুলে দেওয়া হয়েছে । অনুষ্ঠানে ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের হাইলাকান্দি জেলা সভাপতি জওহরলাল নাথ, সম্পাদক বিপ্লব পুরকায়স্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে দয়াপুর আরকাটিপুর সড়কের আরকাটিপুর রেলওয়ে ক্রসিং থেকে নেপালি বস্তী পর্য্যন্ত সড়ক দিয়ে আগামীকাল সমস্ত দিন সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । মূখ্যমন্ত্রী পাকা পথ নির্মান যোজনার অধীনে এই সড়কে আগামীকাল বিটুমিনের কাজ করা হবে ।

---------------------------------------------------------------------------------------------